ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৫২ ● কলকাতা ● ১০ ফাল্গুন, ১৪৩১ ● রবিবার ● ২৩ ফেব্রুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## প্রায় ৪ হাজার ভূতুড়ে ভোটারে শোরগোল দক্ষিণ ২৪ পরগনার চম্পাহাটিতে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভোটার তালিকায় 'ভুয়ো নাম' ঢোকানো নিয়ে অভিযোগ করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তারই মাঝে দক্ষিণ ২৪ পরগনার চম্পাহাটিতে প্রায় ৪ হাজার 'ভূতুড়ে ভোটার'কে ঘিরে শুরু হয়েছে রাজনৈতিক শোরগোল। তৃণমূলের অভিযোগ, নেপথ্যে বিজেপির কারসাজি রয়েছে। পাল্টা বিজেপি এবং সিপিএম

এরপর ৩ পৃষ্ঠায়

# পরকীয়া সম্পর্কে ফেঁসে গিয়েই নিজের হাতে গুলি অপসারিত আইসি-র?




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কোনও দুর্ঘটনা বা আচমকা গুলি চলার ঘটনা হয়। হাওড়ায় নিজেই নিজের পাতে পরিকল্পনা মাফিক গুলি চালান হুগলির চণ্ডীতলা থানার অপসারিত আইসি জয়ন্ত পাল। পুলিশি জিজ্ঞাসাবাদে এরকমই জানিয়েছেন ওই পুলিশ আধিকারিক।তবে জয়ন্তবাবু এমন ভাবে গুলি চালিয়েছিলেন যে গুলি তাঁর হাত ছুঁয়ে বেরিয়ে যায়। আঘাত খুব গুরুতর না হওয়ায় আজই ওই পুলিশ আধিকারিককে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়েছে। তবে হাসপাতাল থেকে ছাড়া পেলেও বড় শাস্তির মুখে পড়তে চলেছেন ওই পুলিশ আধিকারিক। ঘটনার দিনই তাঁকে চণ্ডীতলা থানার আইসি-র পদ থেকে সরিয়ে দেওয়া হয়েছে। থানা থেকে বাজেয়াপ্ত হওয়া আগ্নেয়াস্ত্র নিয়ে আসা, তা থেকে গুলি চালানোর জন্য ওই পুলিশ আধিকারিককে গ্রেফতারও করা হতে পারে বলেই সূত্রের খবর।


ইতিমধ্যেই পুলিশি তল্লাশিতে ঘটনাস্থলের কাছে ঝোপের ভিতর থেকে ওই আগ্নেয়াস্ত্রটি উদ্ধার হয়েছে। অপসারিত আইসি এবং তাঁর বান্ধবী যে

এরপর ৩ পাতায়






# মাধ্যমিকে অঙ্কের উত্তর দিতে AI ব্যবহার কলকাতার ছাত্রীর, বাতিল পরীক্ষা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বজ্র আঁটুনিতেও ফসকা গেরো! মাধ্যমিক পরীক্ষায় এআই অ্যাপের ব্যবহার! অঙ্কের প্রশ্নের উত্তর দিয়ে কৃত্রিম মেধার ব্যবহার করার অভিযোগ উঠল কলকাতার এক স্কুলের পরীক্ষার্থীর বিরুদ্ধে। ইতিমধ্যে তার সমস্ত পরীক্ষা বাতিল করা হয়েছে। একইসঙ্গে মোবাইল ব্যবহারের অভিযোগে আরও পাঁচ পড়ুয়ার বিরুদ্ধেও কড়া পদক্ষেপ করা হয়েছে।

পর্ষদ সূত্রে জানা গিয়েছে, পরীক্ষা চলাকালীন মোট ১৯ জন পরীক্ষার্থীর মোবাইল নিয়ে ধরা পড়েছে। আর একজন স্মার্টওয়াচ নিয়ে ধরা পড়েছে। এদের প্রত্যেকের এবছরের জন্য পরীক্ষা বাতিল করা হয়েছে ।মাধ্যমিক পরীক্ষার শুরুতেই পর্ষদের তরফে সাফ জানানো হয়েছিল, পরীক্ষা হলে মোবাইল বা অন্য কোনও বৈদ্যুতিন গ্যাজেট ব্যবহার করা হলে পরীক্ষার্থীর সমস্ত পরীক্ষা বাতিল হবে। এমনকী, পরীক্ষার দায়িত্বে থাকা শিক্ষক-শিক্ষিকাদের মোবাইল ব্যবহারের উপর কড়া বিধিনিষেধ আরোপ করা হয়েছিল। তারপরেও একাধিক স্কুল থেকে ছাত্রছাত্রীদের মোবাইল ব্যবহারের অভিযোগ সামনে এসেছে। এবার তার থেকেও এক ধাপ এগিয়ে এআই বা কৃত্রিম মেধা ব্যবহারের অভিযোগ উঠল।

জানা গিয়েছে, দক্ষিণ কলকাতা বদরতলা হাই স্কুলের পরীক্ষার্থীর সিট পড়েছিল বটতলা হাই স্কুলে। অভিযোগ, সে অঙ্কের প্রশ্ন লিখে পাঠাচ্ছিল ওই অ্যাপে। উত্তর দিয়ে দিচ্ছিল সেই কৃত্রিম মেধাযুক্ত অ্যাপ। ওই সেন্টার থেকে মোট ছ'টি মোবাইল ধরা পড়েছে। যারা মোবাইলের মাধ্যমে প্রশ্নপত্র অন্যত্র পাঠিয়েছি। এর মধ্যে তিনজন প্রশ্নের ছবি তুলে বাড়ির শিক্ষক-শিক্ষিকারে পাঠিয়েছিল। একজন পাঠিয়েছিল তার সিনিয়রকে। আর একজন তার বান্ধবীকে পাঠিয়েছে বলে অভিযোগ

## গা ঢাকা দিতে মহাকুম্ভের ভিড়ই ভরসা, টাকা-গয়না হাতিয়ে বান্ধবীদের নিয়ে লুকিয়ে রইল চোর!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ইন্দোর থেকে লক্ষ লক্ষ টাকা, সোনার গয়না ও আরও দামি দামি জিনিস চুরি করে পালিয়ে ছিলেন। গা ঢাকা দিতে মহাকুম্ভের ভিড়ই ছিল ভরসা! তাই বান্ধবীদের নিয়ে কুম্ভমেলায় গিয়েছিলেন দুই যুবক। কিন্তু শেষরক্ষা হল না। পুলিশের হাতে গ্রেপ্তার হয়েছেন তাঁরা। উদ্ধার করা হয়েছে চুরির সমস্ত জিনিসপত্র।এরপরই ইন্দোর থেকে পুলিশের একটি বিশেষ টিম প্রয়াগরাজে পৌঁছয়। কিন্তু সেখানে বেশ কয়েকবার অভিযুক্তরা

এরপর ৩ পাতায়

# ব্যবসায়ীকে লক্ষ্য করে প্রকাশ্যে গুলি...

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

লিলুয়ায় শুট আউট। এক ব্যবসায়ীকে লক্ষ্য করে গুলি চালিয়ে পালালো দুস্কৃতিরা। ব্যবসায়ী নাম রাজেশ সিং। তাকেই গুলি করা হয়। সূত্র মারফত জানা গিয়েছে, নিজের ফ্ল্যাটের সামনে একটি অনুষ্ঠানে আসেন তিনি। তখনই বাইকে চেপে দুই দুষ্কৃতী এসে তাকে একটি লক্ষ করে গুলি চালায়। রাস্তায় লুটিয়ে পড়েন তিনি।লিলুয়ার গোশালা এলাকার প্রোমোটার রাজেশ সিংয়ের বহুতলের সামনে আসে বেশ কয়েকজন দুষ্কৃতী। নিজের বাড়ির সামনে দাঁড়িয়েছিলেন প্রোমোটার। কিছু বুঝে ওঠার আগেই ব্যবসায়ীকে লক্ষ্য করে গুলি চালায় দুষ্কৃতীরা। মুহূর্তের মধ্যে ঘটনাস্থল ছেড়ে চম্পট দেয় দুষ্কৃতীরা। পুলিস সূত্রে খবর,



গুলিবিদ্ধ ব্যক্তি জেল খাটা আসামি। তার বিরুদ্ধে একাধিক অসামাজিক কাজে যুক্ত থাকার অভিযোগ রয়েছে।ওই ব্যবসায়ীর ভাই নিতেশ সিং জানান, দুজন দুস্কৃতি বাইকে চেপে এসে গুলি করে পালিয়ে যায়। মুখ ঢাকা ছিল।

গুরুতর জখম অবস্থায় তাকে টি এল জয়সওয়াল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তারপর উত্তর হাওড়ার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। ঘটনাস্থলে যান হাওড়া সিটি পুলিসের উচ্চপদস্থ আধিকারিকরা। আক্রান্ত ব্যবসায়ীর ভাই জানান, ফোন পেয়ে তিনি ছুটে আসেন। কেন এরকম ঘটনা ঘটল বোঝা যাচ্ছে না। ডিসি নর্থ বিশপ সরকার বলেন, তদন্তের স্বার্থে এখনই বিশদে কিছু বলা যাবে না। তবে গুরুত্ব দিয়ে তদন্ত শুরু হয়েছে।







(১ম পাতার পর)

# প্রায় ৪ হাজার ভূতুড়ে ভোটারে শোরগোল দক্ষিণ ২৪ পরগনার চম্পাহাটিতে

আঙুল তুলেছে তৃণমূলের দিকে।অন্য দিকে, সিপিএম নেতা সুজন চক্রবর্তীর দাবি, এ রাজ্যে ভুয়ো ভোটারের অভিযোগ অনেক দিনের। তিনি রাজ্য সরকারকে কটাক্ষ করে বলেন, ''ভূতুড়ে ভোটারের ভোটে নির্বাচিত এই সরকার।'' বিজেপির যাদবপুর সাংগঠনিক জেলার সভাপতি মনোরঞ্জন জোয়ারদারও তৃণমূলকে নিশানা করেছেন। তিনি বলেন, ''রাজ্য সরকারের কর্মীরাই নির্বাচন কমিশনের হয়ে ভোটার তালিকার কাজ করেছেন। তাঁরাই এই কাজ করেছেন।'' রাজ্য সরকারের কর্মীদের তৃণমূল প্রভাবিত করেছে বলে অভিযোগ করেছেন তিনি। ভূতুড়ে ভোটারের বিষয় প্রকাশ্যে আসতেই বিষয়টি নিয়ে সরব হয়েছে তৃণমূল। দলের মুখপাত্র কুণাল ঘোষ সমাজমাধ্যমে 'সেটিং'-এর কথা তুলে ধরেছেন। তাঁর দাবি, ''বাংলা সচেতন। এখানে এসব কারচুপি আর কুৎসা সফল হবে না।''চম্পাহাটি গ্রাম পঞ্চায়েতের ২২টি সংসদে সাড়ে চার হাজার বাড়তি ভোটার মিলেছে বলে অভিযোগ। প্রশাসনের একটি সূত্রের খবর, লোকসভা ভোটের নিরিখে ওই ভোটারের সংখ্যাবৃদ্ধির তথ্য জানা গিয়েছে। চম্পাহাটি গ্রাম পঞ্চায়েতের প্রধান অসিতবরণ মণ্ডল জানিয়েছেন, প্রশাসনের নির্দেশমাফিক তাঁরা ভোটার তালিকা 'স্ক্রুটিনি' করার সময় দেখেন প্রতিটি সংসদেই প্রচুর 'ভুয়ো' ভোটার রয়েছেন। বিভিন্ন সাইবার তালিকা থেকে নাম তোলা হয়েছে। যেমন উত্তরবঙ্গের বিভিন্ন জায়গা— শিলিগুড়ি, রায়গঞ্জ, মুর্শিদাবাদ, মালদহ থেকে প্রচুর ভোটারের নাম রয়েছে দক্ষিণ ২৪ পরগনার ভোটার তালিকায়। ভোটার তালিকায় ওঠা ওই নামের পাশে থাকা ফোন নম্বরে ডায়াল করে নিশ্চিত করা গিয়েছে, ওই লোকজন দক্ষিণ ২৪ পরগনার ভোটার নন।পঞ্চায়েত প্রধান জানিয়েছেন, তাঁরা বিষয়টি বিডিও-র কাছে উত্থাপন করবেন। সমস্যার সমাধান না হলে আন্দোলন করবেন। তৃণমূলের অভিযোগ, এই ঘটনায় নির্বাচন কমিশনের গাফিলতি স্পষ্ট। আসন্ন বিধানসভা নির্বাচনের আগে ভুয়ো ভোটার ঢুকিয়ে বিজেপিকে সুবিধা পাইয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে বলে অভিযোগ তৃণমূলের এক পঞ্চায়েত সদস্যের। বারুইপুর তৃণমূল ব্লক সভাপতি শ্যামসুন্দর চক্রবর্তী বলেন, ''প্রতিটি বিধানসভাতেই ভুয়ো ভোটার ঢোকানো হয়েছে। আমাদের সদস্যদের নির্দেশ দেওয়া হয়েছে, আগামী সাত দিন শুধুমাত্র ভোটার তালিকা সংশোধনের কাজে যুক্ত থাকার জন্য।''বস্তুত, দিন কয়েক আগে তৃণমূলনেত্রী মমতা অভিযোগ করেছিলেন ভুয়ো ভোটার নিয়ে। তাঁর কথায়, 'আমার কাছে খবর রয়েছে, স্থানীয়রা বলার পরেও বহু এলাকায় বিএলও-রা ভোটার তালিকায় মৃত ব্যক্তির নাম রেখে দিয়েছেন। অনেকে বহু দিন এলাকা থেকে অন্যত্র চলে গিয়েছেন। তাঁদের নামও রেখে দেওয়া হয়েছে।'' তিনি এ নিয়ে সতর্ক করেন প্রশাসনের লোকজনকে। মহারাষ্ট্র, দিল্লি বিধানসভার প্রসঙ্গ টেনে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, কমিশনকে হাত করে ভোটার তালিকায় অনলাইনে নাম তুলেছে বিজেপি। তার আড়ালে বিহার, উত্তরপ্রদেশের লোকেদের নাম ঢুকিয়ে দেওয়া হচ্ছে তালিকায়।

(২ পাতার পর)

# গা ঢাকা দিতে মহাকুম্ভের ভিড়ই ভরসা, টাকা-গয়না হাতিয়ে বান্ধবীদের নিয়ে লুকিয়ে রইল চোর!

মোবাইলের লোকেশন বদল করে। যা নিয়ে সমস্যায় পড়তে হয় পুলিশকে। অবশেষে অনেক খোঁজাখুঁজির পর মহাকুম্ভে পৌঁছয় তদন্তকারীরা। এই ঘটনা প্রসঙ্গে ডিসিপি হৃষীকেশ মিনা জানান, "ওই দু'জনের বিরুদ্ধে ইন্দোরে ১৫টি মামলা দায়ের হয়েছে। বিলাসবহুল জীবনযাপনের জন্য তাঁরা চুরি করত। তাঁদের কাছ থেকে নগদ ৪ লক্ষ টাকা উদ্ধার হয়েছে। গয়না-সহ যে সমস্ত জিনিসপত্র উদ্ধার হয়েছে সেগুলোর মূল্য ৭ লক্ষ টাকা হবে। এর মধ্যে বেশিরভাগ টাকাই ওই দুজন বান্ধবীদের উপর ও মহাকুম্ভে যাওয়ার জন্য খরচা করেছিলেন।" এখনও এই ঘটনার তদন্ত চলছে।জানা গিয়েছে, ধৃতদের নাম অজয় শুক্লা ও সন্তোষ কোরি। গত ১৫ দিন ধরে ইন্দোরে তাঁদের বিরুদ্ধে অন্তত ১৫টি চুরির মামলা দায়ের হয়েছিল। শেষ অভিযোগ দায়ের হয় দ্বারকাপুর এলাকায়। সেখানে ৪টি বাড়িতে চুরির খবর পেয়ে অভিযুক্তদের খোঁজে তল্লাশি অভিযানে নামে পুলিশ। তদন্তে নেমে ফিঙ্গার প্রিন্ট মিলিয়ে পুলিশ জানতে পারে সেগুলো অজয় ও সন্তোষের। এরপর মোবাইল নেটওয়ার্ক ও সূত্র মারফৎ তদন্তকারীরা জানতে পারেন, বান্ধবীদের নিয়ে ওই দুজন মহাকুম্ভে যোগ দিতে গিয়েছেন।

(১ম পাতার পর)

# পরকীয়া সম্পর্কে ফেঁসে গিয়েই নিজের হাতে গুলি অপসারিত আইসি-র?

গাড়িতে ছিলেন, তার ভিতর থেকে যৌন শক্তিবর্ধক ওষুধ, সেক্স টয় উদ্ধার হয়।তাঁর একটি পুত্রসন্তানও রয়েছে। তার পরেও হাওড়ার আন্দুলের বাসিন্দা পার্লার কর্মী ওই তরুণীর সঙ্গে সম্পর্কে জড়িয়েছিলেন তিনি। দীর্ঘ দিন ধরেই এই পরকীয়া সম্পর্কে লিপ্ত ছিলেন ওই পুলিশ আধিকারিক। হাওড়ায় বান্ধবীর নামে তিনি একটি ফ্ল্যাটও কিনেছিলেন বলে জানতে পেরেছেন তদন্তকারীরা। বান্ধবীর বন্ধু বান্ধবদের নিয়ে মাঝে মধ্যে সেই ফ্ল্যাটে পার্টিও চলত।

এত কিছুর পরেও বান্ধবীর চাহিদা দিন দিন বেড়েই চলেছিল বলে জিজ্ঞাসাবাদে জানিয়েছেন ওই পুলিশ আধিকারিক। এমন কি, বিয়ের জন্যও চাপ দিতে শুরু করেন বান্ধবী। ঘটনার দিন গত বুধবার বান্ধবীকে নিয়ে বেরিয়েছিলেন জয়ন্তবাবু। কেনাকাটা, খাওয়া দাওয়ার পর আন্দুলের বাড়িতে বান্ধবীকে ছাড়তে যাচ্ছিলেন তিনি। তখনই ফের বিয়ের কথা তোলেন ওই তরুণী। এই নিয়ে দু জনের মধ্যে শুরু হয় বচসা।বান্ধবীকে চাপে ফেলতে আগে থেকেই থানায় বাজেয়াপ্ত হওয়া একটি আগ্নেয়াস্ত্র নিজের সঙ্গে নিয়ে এসেছিলেন ওই পুলিশ আধিকারিক। তবে বুধবারের গন্ডগোল বাড়াবাড়ি পর্যায়ে চলে যায়। ওই তরুণী নিজের বন্ধুদেরও ফোন করে ডেকে নেন। এরই মধ্যে গাড়ি থেকে নেমে সেই আগ্নেয়াস্ত্র থেকেই নিজের হাতে গুলি করেন জয়ন্তবাবু। ওই পুলিশ আধিকারিক নিজের হাতে গুলি চালানোর পরই ঘটনাস্থলে হাজির হন তরুণীর বন্ধুরা। এর পর তাঁরা সবাই মিলে জয়ন্তবাবুকে হাওড়ার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করেন।

## সম্পাদকীয়

# ‘আশা গোষ্ঠীগুলির ক্ষমতায়ন

‘স্বীকৃত সামাজিক স্বাস্থ্যকর্মীসমূহ (আশা): মর্যাদার সঙ্গে কাজের অধিকার রক্ষা’ এই বিষয়ে ভারতের জাতীয় ও মানবাধিকার কমিশন (এনএইচআরসি) নতুন দিল্লিতে তাদের ভবনে মহিলাদের মূল গোষ্ঠীকে নিয়ে মিশ্র মাধ্যমে এক বৈঠকের আয়োজন করে। বৈঠকে সভাপতিত্ব করেন সংস্থার চেয়ারপার্সন বিচারপতি শ্রী ভি রামাসুব্রক্ষ্মনিয়ান। সংগঠনের অন্যান্য সদস্য বিচারপতি (ডঃ) বিদ্যুৎ রঞ্জন সারেঙ্গি, মহাসচিব শ্রী ভরত লাল, পদস্থ আধিকারিকবৃন্দ, বিশেষজ্ঞ মণ্ডলী এবং আশাগোষ্ঠীগুলির প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

বিচারপতি শ্রী ভি রামাসুব্রক্ষ্মনিয়ান বিগত ২০ বছর ধরে দেশের স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে আশাকর্মীদের উল্লেখযোগ্য অবদানের ওপর আলোকপাত করেন। নবজাতক এবং শিশু মৃত্যু হার উল্লেখযোগ্যভাবে হ্রাস পাওয়ায় আশাকর্মীদের গুরুত্বপূর্ণ অবদানের ওপর জোর দেন তিনি। তিনি বলেন, প্রথাগত শিক্ষা ছাড়াও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ কর্মী হয়ে ওঠা যায়। সেইসঙ্গে তিনি বলেন, আজ অনেক শিক্ষিত মানুষ থাকলেও দক্ষ কর্মীর সংখ্যা হ্রাস পাচ্ছে। আশা প্রকল্প তার এক ব্যতিক্রমী চিত্র বহন করে নিজেরাই এক উদাহরণ হয়ে উঠেছে। তিনি বলেন কাজের গুরুত্বের তুলনায় আশাকর্মীদের ভাতা কম। এটা নিতান্তই এক উপহাস যে যাঁদের অবদান সবথেকে বেশি তাঁদের নিজেদের প্রাপ্তিযোগ কম। প্রান্তিক বর্গের সেবাকর্মে যাঁরা নিরলস ব্যাপৃত তাঁরা নিজেরাই থেকে থেকে প্রান্তিক থেকে যাচ্ছেন।

বিচারপতি রামাসুব্রক্ষ্মনিয়ান বলেন, জনস্বাস্থ্য এবং ন্যূনতম মজুরি নির্ধারণ রাজ্যের আওতাভুক্ত। জনসংখ্যা নিয়ন্ত্রণ এবং পরিবার পরিকল্পনার বিষয়টি যুগ্ম তালিকার অন্তর্ভুক্ত। ফলে আশাগোষ্ঠীগুলির উন্নতিকল্পে তাঁদের মজুরির দিকটি রাজ্য এবং কেন্দ্রীয় সরকার উভয়কে যৌথ সমন্বয়ের ভিত্তিতে বিচার বিবেচনা করতে হবে। আশাকর্মীদের জীবনধারণের মান এবং কাজের পরিস্থিতি উন্নতিসাধনে এক সুনির্দিষ্ট নীতি এবং কার্যকরী পদক্ষেপ গ্রহণ জরুরি বলে তিনি জানিয়েছেন।

এনএইচআরসি ইন্ডিয়ার সদস্য বিচারপতি (ডঃ) বিদ্যুৎ রঞ্জন সারেঙ্গি বলেন, গ্রামাঞ্চলগুলিতে গর্ভবতী মহিলা এবং শিশুদের স্বাস্থ্য সংক্রান্ত সমস্যার ক্ষেত্রে সর্বাগ্রে এগিয়ে আসেন আশাকর্মীরা। চিকিৎসকের সঙ্গে পরামর্শ তো পরে হয়। ফলে আশাকর্মীদের কাজের গুরুত্বের কথা বিবেচনা করে মর্যাদার সঙ্গে তাঁদের জীবনধারণ এবং কাজের অধিকারকে সুনিশ্চিত করতে তাঁদের যথাযথ অনুদান এবং পারিশ্রমিক দেওয়া দরকার।

বৈঠকের আলোচ্য বিষয়কে সামনে রেখে সংস্থার মহাসচিব শ্রী ভরত লাল তিনটি কারিগরি পর্বের বিষয় উত্থাপন করেন। এই তিনটি পর্বই আশাকর্মীদের কাজের সঙ্গে জড়িত সমস্যা, তাঁদের অধিকার রক্ষায় সরকারের ভূমিকা এবং আশাকর্মীদের মর্যাদার সঙ্গে কাজের অধিকার রক্ষার বিষয়ে। তিনি বলেন, সরকার মহিলাদের ক্ষমতায়নে নানান প্রকল্প নিয়ে এগিয়ে এসেছে। প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে আশাকর্মীদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা মাথায় রেখে তাঁদের নিম্ন পারিশ্রমিক, তাঁদের ওপর কাজের চাপ এবং অপ্রতুল সহায়-সম্পদের বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করা দরকার। প্রথম সারির কর্মী হিসেবে কোভিড-১৯ অতিমারির সময় আশাকর্মীদের ভূমিকা দৃষ্টান্ত হয়ে রয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা- ডব্লুএইচও তা স্বীকার করেছে।

অন্য অনেকেই এই আলোচনায় যোগ দেন। আশাকর্মীদের বিষয়ে যেসব গুরুত্বপূর্ণ প্রস্তাব উঠে এসেছে তা হল, তাদের প্রাথমিক কর্মীর মর্যাদাদান সেইসঙ্গে তাঁদের মাসিক বেতন বেঁধে দেওয়া, তাঁদের সামাজিক সুরক্ষা, পেনশন এবং সবেতন ছুটি প্রভৃতি গুরুত্বের সঙ্গে বিচার-বিবেচনা করা। সমস্ত রাজ্য জুড়েই তাঁদের ভাতাগত একটা সমন্বয় বিধান করা এবং ন্যূনতম মজুরি সংক্রান্ত নিয়মবিধি চালু করা। তাদের জন্য স্বাস্থ্য বিমা, মাতৃত্বকালীন সুবিধা এবং দুর্ঘটনা জনিত সুযোগ সুবিধা দেওয়ার বিষয়টি উঠে এসেছে। সেইসঙ্গে তাঁদের পরিবহণ খরচ, কর্মক্ষেত্রে তাঁদের বিশ্রামের সুযোগ এবং ব্যক্তিগত সুরক্ষা সহায়ক সরঞ্জাম বিনামূল্যে দেওয়া।

# মায়ের আশীর্বাদ অসীম



**মৃত্যুঞ্জয় সরদার**
**(দ্বিতীয় পর্ব)**



বিচার-বিবেচনা করতেই থাকে। ঈশ্বর পারে না এমন কোন কাজ নেই এটা আমি আমার জীবনের উপলব্ধি দিয়ে বলতেই পারি। ঈশ্বর আমরা বিভিন্ন রূপে, বিভিন্নভাবে, বিভিন্ন বিষয়ে তাকে দেখি, মানুষের মধ্যে ঈশ্বর যেন বিরাজমান। তাই বলবো মানুষ যত অসহায়হয়ে পড়ে তার বুদ্ধি বিবেক এবং জ্ঞান ততটাই লোপ পেয়ে যায়। সময়ে, কে প্রকৃত বন্ধু, আর কে বন্ধু নয় সেটি বিপদে পড়লে সবকিছু পরিষ্কার হয় নিজের কাছে। এ প্রসঙ্গে নিজের কিছু উপলব্ধি কথা না লিখলে আজ আমার এই লেখাটি আপনাদের কাছে অসম্পূর্ণ হয়ে যাবে। অনেকেই

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# ২৪ ফেব্রুয়ারি, ২০২৫-এ বিহারের ভাগলপুরে পিএম-কিষাণ প্রকল্পের ১৯তম কিস্তি প্রদান করবেন প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ২২ ফব্রুয়ারি, ২০২৫**

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শ্রী শিবরাজ সিং চৌহান শুক্রবার সংবাদমাধ্যমের সামনে পিএম-কিষাণ প্রকল্পের ১৯তম কিস্তি প্রদান নিয়ে তাঁর বক্তব্য পেশ করেছেন। ২৪ ফেব্রুয়ারি, ২০১৯-এ কেন্দ্রীয় প্রকল্প হিসেবে পিএম কিষাণ সম্মান নিধি (পিএম-কিষাণ) যোজনার সূচনা করা হয়েছিল। এই প্রকল্পে পরিবার পিছু একজন কৃষককে বার্ষিক ৬ হাজার টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হয়ে থাকে। এ পর্যন্ত ১৮টি কিস্তির মাধ্যমে ১১ কোটি পরিবারকে ৩.৪৬ লক্ষ কোটি টাকার বেশি প্রদান করা হয়েছে।

শ্রী চৌহান বলেন, মোদী সরকারের সবচেয়ে অগ্রাধিকারের ক্ষেত্র হল, কৃষক কল্যাণ। এই প্রকল্পের লক্ষ্য হল, উৎপাদন বৃদ্ধি, উৎপাদন খরচ হ্রাস, উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য, ফসল নষ্টের জন্য ক্ষতিপূরণ প্রভৃতি। তিনি জানান, ২৪ ফেব্রুয়ারি, ২০২৫-এ ভাগলপুরে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী কৃষকদের অ্যাকাউন্টে ১৯তম কিস্তির টাকা হস্তান্তরিত করবেন।

শ্রী চৌহান জানান, ১৮তম কিস্তিতে প্রায় ৯ কোটি ৬০ লক্ষ কৃষককে টাকা প্রদান

এরপর ৫ পাতায়

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

সন্ধ্যাকালে ভগবান শিবের পূজা দেয়ার পরপরই এই ব্রত সম্পন্ন হয়।

প্রদোষ ব্রত পালনের রীতি প্রদোষ ব্রত পালনের সর্বাধিক উৎকৃষ্ট সময় হচ্ছে সূর্য্য উদয় এবং অস্তিমিত হওয়ার পূর্বমুহূর্ত (ঊষালগ্ন ও গোধূলীলগ্ন)।এই সময়ের মধ্যেই সকল পূজাবিধি পালনীয়।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মিরাটে ভেঙে ফেলা হল ১৫০ বছরের পুরনো মসজিদটি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



ভারতের মিরাট শহরে ১৫০ বছরেরও বেশি পুরনো একটি মসজিদ স্থানীয় জেলা প্রশাসনের নির্দেশে সম্পূর্ণরূপে ভেঙে ফেলার প্রক্রিয়া চলছে। জেলা প্রশাসনের দাবি, মসজিদটি ‘দিল্লি-মিরাট রিজিওনাল র‍্যাপিড ট্রানজিট সিস্টেম (আরআরটিএস)-এর পথে বাধা হয়ে দাঁড়াচ্ছে’।

দিল্লি থেকে প্রায় ৬০ কিলোমিটার এবং মিরাট শহরের কেন্দ্রস্থল থেকে ৫-৬ কিলোমিটার দূরে অবস্থিত মসজিদটির প্যানেল সদস্য জানিয়েছেন, শুক্রবার কাঠামোর গেট এবং জানালাগুলি সরিয়ে ফেলা হয়েছে।

মিরাট শহরের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ব্রিজেশ কুমার সিং বলেন, ‘দিল্লি-মিরাট রাস্তাটি গণপূর্ত বিভাগের (পিডব্লিউডি) এখতিয়ারভুক্ত এবং জাতীয় রাজধানী অঞ্চল পরিবহন কর্পোরেশন (এনসিআরটিসি) রাস্তার নীচে দিল্লি-মিরাট-গাজিয়াবাদ আরআরটিএস করিডোর নির্মাণ করছে, ঠিক যেখানে মসজিদটি অবস্থিত। তাই, উন্নয়ন কাজের পথ পরিষ্কার করার জন্য উভয় বিভাগই মসজিদটি অপসারণের অনুরোধ করেছে।’

সিং আরও বলেন: ‘আমরা ক্ষতিপূরণ নিয়ে মসজিদ কর্তৃপক্ষের সাথে আলোচনা করছি। তাদের পক্ষ থেকে আমাদের কোনও প্রতিরোধের মুখোমুখি হতে হয়নি।’

মসজিদ কমিটির সদস্য মোহাম্মদ ওয়াসিম খান বলেন, ‘মসজিদটি ১৮৫৭ সালে নির্মিত হয়েছিল.... এনসিআরটিসি কর্মকর্তারা আমাদের সাথে যোগাযোগ করেছিলেন, এবং আলোচনার পর আমাদের আশ্বস্ত করা হয়েছিল যে পথটি অন্য দিকে সরিয়ে নেয়া হবে। তবে, কয়েকদিন আগে আমরা জানতে পেরেছিলাম যে জেলা প্রশাসন পিডব্লিউডিকে মসজিদটি অপসারণের কাজ এগিয়ে নিতে নির্দেশ দিয়েছে। দুই দিন আগে, কর্মকর্তারা আমাদের জানিয়েছিলেন যে আমাদের হয় ব্রহ্মপুরী পুলিশ সীমানার অধীনে অবস্থিত ধর্মীয় কাঠামোটি নিজেরাই ভেঙে ফেলা উচিত, নয়তো জোরপূর্বক অপসারণের মুখোমুখি হতে হবে, কারণ এটি আরআরটিএস রুটে বাধা সৃষ্টি করছে।’

ওয়াসিম বলেন যে তারা এখনও কোনও লিখিত আদেশ পাননি। তিনি আরও বলেন, ‘আমরা কেবল পর্যাপ্ত ক্ষতিপূরণ চাই - তা নতুন মসজিদ নির্মাণের জন্য জমির আকারে হোক, আরেকটি নির্মিত মসজিদ, অথবা আর্থিক সহায়তার আকারে হোক...।’

উল্লেখযোগ্যভাবে, ১৯৮১ সালে, মসজিদের বিরুদ্ধে একটি আইনি মামলা দায়ের করা হয়েছিল এবং এটি ‘তালাবদ্ধ’ করা হয়েছিল। তারপর, সুপ্রিম কোর্টে আইনি লড়াইয়ের পর, মসজিদটি পুনরায় খুলে দেয়া হয়। তবে এখন আবার উত্তরপ্রদেশের কর্তৃপক্ষ মসজিদটি ধ্বংসের আদেশ দিয়েছে।

(৪ পাতার পর)

## ২৪ ফেব্রুয়ারি, ২০২৫-এ বিহারের ভাগলপুরে পিএম-কিষাণ প্রকল্পের ১৯তম কিস্তি প্রদান করবেন প্রধানমন্ত্রী

করা হয়েছিল। ১৯তম কিস্তিতে ২.৪১ কোটি মহিলা-কৃষক সহ ৯.৮ কোটির বেশি কৃষক উপকৃত হবেন। প্রত্যক্ষ সুবিধা হস্তান্তর (ডিবিটি) প্রক্রিয়ায় তাঁদের অ্যাকাউন্টে সরাসরি ২২ হাজার কোটি টাকা প্রদান করা হবে।

এ পর্যন্ত এই প্রকল্পে বিভিন্ন কিস্তির মাধ্যমে শুধুমাত্র বিহারেরই ৮৬.৫৬ লক্ষের বেশি কৃষক উপকৃত হয়েছেন। তাঁদের বিভিন্ন কিস্তির মাধ্যমে ২৫,৪৯৭ কোটি টাকা প্রদান করা হয়েছে। ১৯তম কিস্তিতে উপকৃত হবেন ৭৬.৩৭ লক্ষ কৃষক। তাঁদের অ্যাকাউন্টে ১,৫৯১ কোটি টাকার বেশি প্রদান করা হবে। এর মধ্যে বিহারের কৃষকরা পাবেন ২৭,০৮৮ কোটি টাকা।

শ্রী চৌহান জানান, ভাগলপুরে এই কিস্তি প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে থাকবেন বিহারের রাজ্যপাল শ্রী আরিফ মহম্মদ খান, বিহারের মুখ্যমন্ত্রী শ্রী নীতিশ কুমার, অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগ মন্ত্রী শ্রী জিতন রাম মাঞ্জি সহ অন্যান্য বিশিষ্টজনেরা।

শ্রী চৌহান সাংবাদিকদের জানান, ১৯তম কিস্তি প্রদান অনুষ্ঠান ডিডি কিষাণ, MyGov, ইউটিউব, ফেসবুক এবং দেশের ৫ লক্ষের বেশি কমন সার্ভিস সেন্টারে সরাসরি দেখা যাবে। এই কর্মসূচিতে অংশ নেবেন ২.৫ কোটি কৃষক।

শ্রী চৌহান আরও জানান, ভাগলপুরে আরও বেশ কয়েকটিই প্রকল্পের সূচনা করবেন প্রধানমন্ত্রী। এর মধ্যে রয়েছে বেশ কিছু গুরুত্বপূর্ণ পরিকাঠামো প্রকল্পও।

### আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219 (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

### রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# যুক্তরাষ্ট্রের সাথে খনিজ সম্পদ চুক্তি স্বাক্ষরে প্রস্তুত নন জেলেনস্কি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি যুক্তরাষ্ট্রের সাথে বিরল খনিজ সম্পদ আহরণের চুক্তি স্বাক্ষরে এখনো প্রস্তুত নন। শনিবার ফরাসি সংবাদ সংস্থা এএফপি-কে এ তথ্য জানিয়েছেন ইউক্রেন সরকারের ঘনিষ্ঠ একটি সূত্র।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প চান, যুক্তরাষ্ট্রের কোম্পানিগুলো ইউক্রেনের খনিজ সম্পদ আহরণের বিশেষ সুযোগ পাক। দেশটিকে আগের মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের প্রশাসন কর্তৃক দেওয়া কয়েক হাজার কোটি ডলারের সহায়তার বিনিময়ে এই সুযোগ চান ডোনাল্ড ট্রাম্প।

শুক্রবার ট্রাম্পের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা মাইক ওয়াল্টজ জানিয়েছেন,



জেলেনস্কি শিগগিরই চুক্তিতে স্বাক্ষর করবেন। তবে এখন পর্যন্ত প্রস্তাবিত চুক্তির বিস্তারিত প্রকাশ করা হয়নি।

ইউক্রেন সরকারের ঘনিষ্ঠ ওই সূত্র জানিয়েছেন, বর্তমান খসড়া অনুযায়ী চুক্তিটি স্বাক্ষরের জন্য প্রস্তুত নন প্রেসিডেন্ট জেলেনস্কি। জেলেনস্কি বলেন, 'আমরা এখনো কিছু পরিবর্তন আনতে চাই এবং আরও গঠনমূলক করতে আলোচনা চালিয়ে যাচ্ছি।'

সূত্রটি আরও জানিয়েছে, চুক্তিতে যুক্তরাষ্ট্রের কোনো বিনিয়োগ বা নিরাপত্তার নিশ্চয়তা নেই, বরং তারা ইউক্রেনের কাছ থেকে ৫০০ বিলিয়ন ডলার আহরণ করতে চায়, যা অত্যন্ত অস্পষ্ট। জেলেনস্কি প্রশ্ন রাখেন, 'এটি কেমন অংশীদারিত্ব? এবং কেন আমাদের ৫০০ বিলিয়ন ডলার দিতে হবে? এর কোনো সুস্পষ্ট ব্যাখ্যা নেই।'

সূত্রের মতে, ইউক্রেন চুক্তির খসড়ায় সংশোধনী আনার প্রস্তাব দিয়েছে এবং যুক্তরাষ্ট্রের কাছ থেকে নিরাপত্তার নিশ্চয়তা পাওয়ার আগ পর্যন্ত তারা চুক্তি স্বাক্ষর করতে রাজি নয়।

এই মতবিরোধের মধ্যে ট্রাম্প ও জেলেনস্কির মধ্যে উত্তপ্ত বাক্য বিনিময় চলছে। সম্প্রতি ট্রাম্প সামাজিক যোগাযোগ মাধ্যমে জেলেনস্কিকে 'স্বৈরশাসক' বলে মন্তব্য করেছেন।

## সরকারি প্রশাসনে উল্লেখযোগ্য কাজের স্বীকৃতি হিসেবে সিভিল সার্ভেন্টদের প্রধানমন্ত্রীর উৎকর্ষতা পুরস্কার

**নয়াদিল্লি, ২২ ফব্রুয়ারি, ২০২৫**

ভারত সরকার সরকারি প্রশাসনে প্রধানমন্ত্রীর উৎকর্ষতা পুরস্কার, ২০২৪-এ অনুমোদন দিয়েছে। দেশজুড়ে সিভিল সার্ভেন্টদের মধ্যে যাঁরা দৃষ্টান্তযোগ্য এবং উল্লেখযোগ্য কাজ করে চলেছেন, তার স্বীকৃতি হিসেবে এই পুরস্কার দেওয়া হয়। পুরস্কারের মধ্যে তিনটি শ্রেণিবিভাগ রয়েছে। এগুলি হল :

(১) ১১টি অগ্রাধিকারপ্রাপ্ত কর্মসূচির আওতায় জেলাগুলির সর্বাত্মক উন্নয়ন। এই শ্রেণিতে পাঁচটি পুরস্কার দেওয়া হবে।

(২) উচ্চাকাঙ্ক্ষী ব্লক কর্মসূচি। এই শ্রেণিতেও পাঁচটি পুরস্কার প্রদান করা হবে।

(৩) কেন্দ্রীয় মন্ত্রক / রাজ্য সরকারি দপ্তর, জেলা দপ্তরের জন্য উদ্ভাবন। এই শ্রেণিতে ছয়টি পুরস্কার প্রদান করা হবে।

২০ জানুয়ারি, ২০২৫ তারিখে PM Awards পোর্টালের সূচনা করা হয়েছে। ২৭ জানুয়ারি, ২০২৫ থেকে ২১ ফেব্রুয়ারি, ২০২৫ পর্যন্ত এই পোর্টালের মাধ্যমে নথিভুক্তি ও মনোনয়ন পেশের প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে।

পুরস্কারের মধ্যে রয়েছে একটি ট্রফি, শংসাপত্র এবং পুরস্কারপ্রাপ্ত জেলা / সংস্থাকে ২০ লক্ষ টাকা অনুদান দেওয়া হবে, যা জনকল্যাণমূলক প্রকল্পে ব্যয় করা হবে।

২১ এপ্রিল, ২০২৫ তারিখে সিভিল সার্ভিসেস দিবসে নতুন দিল্লির বিজ্ঞান ভবনে এক অনুষ্ঠানে এই পুরস্কার তুলে দেবেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী।

## এবার মরিশাস সফরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি !




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

মরিশাসের জাতীয় দিবস উদযাপনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকতে পারেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সংবাদ মাধ্যমের সামনে একথাই জানালেন মরিশাসের প্রধানমন্ত্রী নবীন রামগুলাম । গতকাল অর্থাৎ শুক্রবার মরিশাসের সংসদে প্রধানমন্ত্রী জাতীয় দিবসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিত থাকার কথা বলেছেন।

এ প্রসঙ্গে মরিশাসের প্রধানমন্ত্রী বলেন, 'অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আমার আমন্ত্রণ গ্রহণ করেছেন এবং জাতীয় দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে আসতে রাজি হয়েছে। এটা আমাদের দেশের সৌভাগ্য যে ওঁর মতো বিশিষ্ট ব্যক্তি নিজের ব্যস্ততার মধ্যেও আসতে রাজি হয়েছেন।' প্রধানমন্ত্রীর সফরের ফলে দু'দেশের সম্পর্ক আরও মজবুত হবে বলেই আশাবাদী মরিশাসের প্রধানমন্ত্রী।

# সিনেমার খবর

## বিতর্কের ঝড় রণবীরকে ঘিরে, সেলিব্রিটিদের তীব্র প্রতিক্রিয়া



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

'ইন্ডিয়াস গট ল্যাটেন্ট'-এ ভারতের কনটেন্ট ক্রিয়েটর ও পডকাস্ট হোস্ট রণবীর আল্লাবাদিয়ার বিতর্কিত মন্তব্য ঘিরে থামছে না শোরগোল। ভারতীয় সংস্কৃতি ও পারিবারিক মূল্যবোধের অবমাননার অভিযোগে বিভিন্ন রাজ্যে তার বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। এবার নেটিজেনদের পাশাপাশি বলিউড তারকারাও রণবীরের মন্তব্যের তীব্র সমালোচনা করেছেন।

**এ আর রহমানের প্রতিক্রিয়া**

সাধারণত বিতর্ক থেকে দূরে থাকেন অস্কারজয়ী সুরকার এ আর রহমান। তবে এই ইস্যুতে নাম না নিয়েই কটাক্ষ করেছেন তিনি। তিনি বলেন, "আমার মনে হয়, আমরা গত সপ্তাহেই দেখেছি যে মুখ খুললে কী হতে পারে! সেই সঙ্গে বেশি কথা বললে যে কী হয়, তা তো বোঝা গেছে।"

**রাজপাল যাদবের ক্ষোভ**

জনপ্রিয় কৌতুক অভিনেতা রাজপাল যাদবও রণবীরের মন্তব্যের নিন্দা করেছেন। তিনি বলেন, "এমন ভিডিও দেখা সত্যিই লজ্জাজনক। আমাদের দেশ সংস্কৃতির দেশ। এ ধরনের কনটেন্ট দেখে লজ্জা লাগে।" তিনি আরও বলেন, "তরুণ প্রজন্মের মধ্যে সহজ জনপ্রিয়তা পাওয়ার প্রবণতা বেড়ে গেছে, যা শিল্পের মর্যাদাকে ক্ষুণ্ন করছে। লোক হাসানোর জন্য এসব কথা বলার প্রয়োজন পড়ে না। অনেক ভালো কথা বলেও মানুষকে হাসানো সম্ভব। এখনকার প্রজন্ম কমেডির আসল মানেটাই ভুলে গেছে।"

**বিরাট কোহলির বড় সিদ্ধান্ত**

রণবীরকে নিয়ে বিতর্কের আঁচ পৌঁছেছে ক্রীড়া জগতেও। জনপ্রিয় রাজনীতিবিদ, অভিনেতা-অভিনেত্রী থেকে শুরু করে অনেক ক্রিকেট তারকাই রণবীরের পডকাস্টে অতিথি হিসেবে গিয়েছেন। তবে রণবীরের ইচ্ছা ছিল একদিন বিরাট কোহলিকে তার অনুষ্ঠানে আনার। কিন্তু বিতর্কের পরিপ্রেক্ষিতে বিরাট কোহলি সরাসরি তাকে 'আনফলো' করেছেন।

**২০ লাখ অনুসারী হারিয়ে ক্ষমাপ্রার্থনা**

বিতর্কিত মন্তব্যের কারণে রণবীরের বিরুদ্ধে মামলা হয়েছে এবং তিনি ইতোমধ্যে প্রায় ২০ লাখ অনুসারী হারিয়েছেন। তবে বিতর্ক প্রশমিত করতে সকলের কাছে ক্ষমা চেয়েছেন এই ইউটিউবার। বিশ্লেষকরা বলছেন, এই বিতর্কের কারণে রণবীরের ক্যারিয়ারে বড় ধাক্কা আসতে পারে।

## আমার কণ্ঠস্বর যেন হারিয়ে না যায় : মীর



মীর আফসার আলী।

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

৫০ বছরে পদার্পণ করেছেন ভারতীয় জনপ্রিয় উপস্থাপক, আরজে ও অভিনেতা মীর আফসার আলী। বয়স যে বাড়ছে, সেটা বুঝতে পারছেন। তবে বয়সের সঙ্গে তার কণ্ঠস্বর যেন হারিয়ে না যায় সেই প্রার্থনা করছেন তিনি।

এ প্রসঙ্গে মীর বলেন, 'খিটখিটে হয়ে যাচ্ছি, ধৈর্যচ্যুতি ঘটছে। আগে এগুলো কম হতো।' ৩১ বছরের দীর্ঘ কেরিয়ারে মীরের কোন আক্ষেপ, আফসোস, ক্লান্তি নেই।

বয়সে হাফ সেঞ্চুরি করে তিনি বলেন, 'আমার প্রাপ্তির পাল্লা সবচেয়ে বেশি ভারী। এত মানুষকে আনন্দ দিতে পেরেছি, আমজনতার ভালোবাসা পেয়েছি, আর এই সবকিছু সম্ভব হয়েছে আমার প্রফেশনের জন্য। চারিদিকে এত নেগেটিভিটির ভিড়ে কাউকে হাসানোর তৃপ্তির চেয়ে বড় প্রাপ্তি আর কিছুই হতে পারে না।'

রেডিও দিয়ে মীর আফসার আলীর ক্যারিয়ার শুরু হয়েছে। তারপর সংবাদপাঠক, টেলিভিশনে কমেডি শো সঞ্চালনা শুরু করেন।

মীর বলেন, 'একটা সময় আমারও মনে হতো রেডিও আর আমি একে অপরের পরিপূরক। রেডিও ছাড়া নিজেকে ভাবতে পারতাম না। সেই আমিই তো এখন ভালো আছি। কাজ করছি নিজের মতো। জানি না এটা কীভাবে হলো। তবে আমি আর কাউকে কাজ নিয়ে জবাবদিহি করতে চাচ্ছিলাম না। আমার চাকরি ছাড়ার এটাই অন্যতম কারণ।'

তবে হাস্যোজ্জ্বল মীরেরও মনে এক চাপা ভয় আছে। জন্মদিনে নিজেই সেটা বললেন তিনি। মীর বলেন, 'আমি বিশ্বাস করি গলার স্বর আমার অন্যতম সম্পদ। আমার অবচেতনে সব সময় ভয় কাজ করে, কোনও দিন সেই স্বর যদি হারিয়ে যায়, আমি শেষ হয়ে যাব।'

## ক্যাটরিনাকে নিয়ে বেফাঁস মন্তব্য ভিকির!

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

বছর তিনেক হলো অভিনেতা ভিকি কৌশল ও অভিনেত্রী ক্যাটরিনা কাইফের বিয়ের। ইতোমধ্যেই কৌশল পরিবারের বউমা ক্যাট সুন্দরী যে পুরোদস্তর সংসারি হয়ে উঠেছেন, সেকথা আগেই ফাঁস করেছিলেন স্বামী ভিকি। একেবারে কড়া হাতে সংসার খরচের সকল হিসেব রাখেন অভিনেত্রী।

তবে এবার প্রকাশ্যেই ক্যাটরিনাকে 'বিচিত্র প্রাণী' আখ্যা দিলেন অভিনেতা! কিন্তু কেন?

বলিউডের অন্যতম এই পাওয়ার কাপলকে নিয়ে অনুরাগীদের কৌতূহলের অন্ত নেই! বিয়ের পর থেকে ক্যাটরিনাকেও বলিউডে পর্দায় খুব একটা দেখা যায়নি। সিনেমা নির্বাচনের ক্ষেত্রে আরও বেশি করে সচেতন হয়ে উঠেছেন তিনি।

অন্যদিকে চুটিয়ে কাজ করছেন ভিকি কৌশল। বর্তমানে তিনি ছাবার প্রচারে ব্যস্ত। তার ফাঁকেই এবার এক ভিডিওবার্তায় ক্যাটরিনাকে 'বিচিত্র অথচ সৎ প্রাণী' বললেন ভিকি কৌশল।



পুরো বিষয়টাই যদিও রসিকতা করেই করা। অভিনেত্রী নিজেই সেই ভিডিও শেয়ার করেছেন লজ্জায় লাল হয়ে। স্বামী তাকে 'বিচিত্র প্রাণী' বলে মন্তব্য করেছে এমন ভিডিও শেয়ার করে ক্যাটরিনা ক্যাপশনে লিখেছেন, "দেখুন আমার স্বামী আমার সম্পর্কে কী বলে?"

বলিউডের বর্তমান প্রজন্মের প্রথমসারির অভিনেতা হয়েও ভিকি কৌশল এখনও সাদামাটা জীবনযাপনে বিশ্বাসী। এক সাক্ষাৎকারে নিজেই সেকথা জানিয়েছেন। স্ত্রী ক্যাটরিনাও নাকি বেশ হিসেবি। সংসার খরচ ঠিক করার জন্য বাড়ির সব পরিচারকদের একত্রিত করে রীতিমতো বৈঠক করেন তিনি। যা দেখে বেশ মজা পান ভিকি কৌশল।

এক সাক্ষাৎকারে অভিনেতা জানিয়েছিলেন, "সবচেয়ে মজার বিষয় হচ্ছে ক্যাটরিনা প্রতি সপ্তাহে বাড়ির পরিচারকদের টিম নিয়ে মিটিংয়ে বসে। সব কর্মীদের ডাকেন এবং সংসারে কোথায় কী খরচ হচ্ছে, কিংবা আর কত টাকা ব্যয় হতে পারে? সবটা আলোচনা করে। সংসারের হিসেবরক্ষকও ক্যাটরিনা। এটা আসলে ভালো। তবে যখনই বাড়িতে এই মিটিংটা হয় তখন আমি ভীষণ মজা পাই। একেবারে দর্শকের মতো পপকর্ন নিয়ে বসে যাই।"

# কোহলিদের নতুন অধিনায়কের নাম ঘোষণা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



গত আইপিএলে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুকে নেতৃত্ব দিয়েছিলেন ফ্যাফ ডু প্লেসি। তবে, এবারের নিলামের আগে এই প্রোটিয়া তারকাকে ছেড়ে দিয়েছে ফ্র্যাঞ্চাইজিটি। গুঞ্জন ছিল পুনরায় দলটির অধিনায়কত্ব পেতে পারেন বিরাট কোহলি। অবশ্য সব গুঞ্জন উড়িয়ে নতুন অধিনায়ক হিসেবে রজত পাতিদারের নাম ঘোষণা করেছে বেঙ্গালুরু।

বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে নতুন অধিনায়কের নাম ঘোষণা করা হয়েছে।

২০২১ সালে কোহলি অধিনায়কত্ব ছাড়ার পর ফ্যাফ ডু প্লেসিকে অধিনায়ক করেছিল বেঙ্গালুরু। তাকে ২০২২ মেগানিলামে কেনাই হয়েছিল অধিনায়ক করা হবে বলে। তবে মহানিলামের আগে ডু প্লেসিকে ছেড়ে দেওয়া হয়। এমন কোনো ক্রিকেটারকেও নেওয়া হয়নি যিনি ভবিষ্যতের অধিনায়ক হতে পারেন।

আবার হঠাৎ করে শোনা যায়, নেতৃত্ব নিতে রাজি হয়েছেন কোহলি। তবে নিজে থেকে কিছুই বলেননি সাবেক অধিনায়ক। আনুষ্ঠানিক ঘোষণার আগে বিভিন্ন সংবাদ মাধ্যমের প্রতিবেদন এটাও পরিষ্কার হয়ে যায় যে, নেতৃত্বের দৌড়ে নেই কোহলি। শেষ পর্যন্ত সেটিই হয়েছে।

পাতিদার অধিনায়ক হওয়ার পর কোহলি বলেছেন, তোমাকে অসংখ্য অভিনন্দন। যেভাবে এই দলের হয়ে তুমি নিজের সেরাটা দিয়েছো তা মনে রাখার মতো। দলকে অনেক উঁচুতে নিয়ে যাবে এই আশা করি। আমি এবং বাকি সতীর্থ সব সময়ে তোমার পাশে থাকব। তোমার জন্য প্রচণ্ড খুশি। তুমি এই সম্মানের যোগ্য। নিজেই এটা আদায় করে নিয়েছো।

মেগা নিলামের আগে যে তিন ক্রিকেটারকে ধরে রেখেছিল বেঙ্গালুরু, তার একজন পাতিদার। ঘরোয়া ক্রিকেটে সৈয়দ মুস্তাক আলি এবং বিজয় হাজারে ট্রফিতে রাজ্য দলকে নেতৃত্ব দেওয়ার অভিজ্ঞতা রয়েছে তার। মধ্যপ্রদেশকে সৈয়দ মুস্তাকের ফাইনালেও তুলেছিলেন তিনি। তবে আইপিএলে অধিনায়কত্ব করেননি।

## পান্তকে একাদশে না রাখার কারণ কী? জানালেন গম্ভীর


ঋষব পান্ত

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ইংল্যান্ডের বিপক্ষে সদ্য সমাপ্ত ওয়ানডে সিরিজটি ৩-০ ব্যবধানে জিতেছে ভারত। তারপরও তাদের ব্যাটিং অর্ডার নিয়ে আলোচনা-সমালোচনা হচ্ছে। কারণ এই সিরিজটি ছিল চ্যাম্পিয়ন্স ট্রফির প্রস্তুতিও। যেখানে ভারতের প্রধান কোচ গৌতমগম্ভীর তার নিজের পরিকল্পনা মতোই ব্যাটিং অর্ডার বাজিয়ে দেখখেছেন।

গতকাল গম্ভীর বললেন, 'ক্রিকেট তো এভাবেই খেলার কথা। জানি, অনেক লোক এটা নিয়ে কথা বলছে। তবে খেলাটা আমাদের এভাবেই খেলতে হবে এবং ক্রিকেট এভাবেই খেলা উচিত। স্রেফ ব্যাটিং অর্ডারের ব্যাপার এটি নয়, ব্যাপারটি হলো কে 'ইম্প্যাক্ট' তৈরি করতে পারে। যদি মিডল অর্ডারে মানসম্পন্ন এক বাঁহাতি খেলানোর সুযোগ থাকে, তাহলে কেন তা করা হবে না?'

'ব্যাটিং অর্ডারের প্রথম পাঁচজনকেই কেন ডানহাতি হতে হবে? আমরা স্রেফ গড়, পরিসংখ্যান ও এসব ব্যাপার দেখি না। আমরা বিবেচনা করি, কত নম্বরপজিশনে কে ভালো পারফর্ম করতে পারে। অক্ষর তো দুর্দান্তরকম ভালো করছে। যে দুটি ম্যাচে সুযোগ পেয়েছে, আমাদের জন্য নিজেকে মেলে ধরেছে সে। জানি, কিছু না কিছু কথা সবসময়ই হবে- লোকে কথা বলবেই- তবে সামনের পথচলায়ও আমরা এভাবেই এগোব।'-যোগ করেন তিনি।

এদিকে ঋষব পান্তকে বসিয়ে রেখেছনে গম্ভীর। উইকেটকিপার হিসেবে একাদশে খেলছেন রাহুল। এ নিয়ে গম্ভীর বলেন, 'এই মুহূর্তে, কেএল (রাহুল) আমাদের এক নম্বর উইকেটকিপার এবং আমাদের জন্য সে পারফর্ম করেছে। দেখুন, স্কোয়াডে যখন একই মানের দুজন কিপার থাকে, দুজনকেই একসঙ্গে তো আর খেলানো যায় না। আশা করি, যখনই যে সুযোগ পাবে, সে তৈরি থাকবে। আপাতত এটুকুই বলতে পারি। এই মুহূর্তের কথা বললে, কেএল একাদশে থাকছে।'

## কোপা দেল রে: সেমিফাইনালে রিয়ালের প্রতিপক্ষ সোসিয়েদাদ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

লা লিগার শীর্ষ তিন দলই এবার কোপা দেল রে'র শেষ চারে। সঙ্গে আছে সাতে থাকা রিয়াল সোসিয়েদাদও। সেমিফাইনালে আরেকটা 'এল ক্লাসিকো'র সম্ভাবনা তৈরি হলেও শেষ পর্যন্ত আর সেটা হয়নি। রিয়াল মাদ্রিদ প্রতিপক্ষ হিসেবে পেয়েছে তাদেরই নগর প্রতিদ্বন্ধী রিয়াল সোসিয়েদাদকে। আর লা লিগার দুই ও তিনের লড়াই হবে সেমিতে অর্থাৎ বার্সার মুখোমুখি হবে আতলেতিকো মাদ্রিদ।

বুধবার লাস রোসাসের সিউদাদ দেল ফুটবলে স্প্যানিশ কোপা দেল রে'র ড্র অনুষ্ঠিত হয়। সেখানেই নির্ধারিত হয় চার দলের প্রতিপক্ষ। কোপার আগের ধাপগুলোতে এক লেগে খেলা হলেও সেমিফাইনাল দুটি লেগে অনুষ্ঠিত হবে।

রিয়াল মাদ্রিদ-রিয়াল সোসিয়েদাদ ম্যাচের প্রথম লেগ হবে সোসিয়েদাদের মাঠ আনোয়েতায় (২৬ ফেব্রুয়ারি দিবাগত রাত ২.৫০টায়), আর ফিরতি লেগ হবে সান্তিয়াগো বার্নাব্যুতে (১ এপ্রিল দিবাগত রাত ১.৫০টায়)।

অপর সেমিফাইনালে বার্সেলোনা-আতলেতিকো ম্যাচের প্রথম লেগ অনুষ্ঠিত হবে মন্টজুইকে (২৫ ফেব্রুয়ারি দিবাগত রাত ২.৫০টায়), আর ফিরতি লেগ হবে মেট্রোপলিতানোতে (২ এপ্রিল দিবাগত রাত ১.৫০টায়)।

টানা ষষ্ঠবারের মতো সেভিয়ার ঐতিহাসিক লা কার্তুহায় অনুষ্ঠিত হবে এবার কোপা দেল রে'র ফাইনাল। ফাইনাল ম্যাচটি নির্ধারিত হয়েছে ২৬ এপ্রিল।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 19D, Jamir Lane, Kolkata- 700019 & 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR